

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাৎ/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস, আর, ও, নং ১৩৬ - আইন/৯৭/১৫৩-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯১ রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

- সংক্ষিপ্ত শিরনামা।- এই বিধিমালা নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।
- করের ভিত্তি নির্ধারণ।- নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা, কলাম (২) এ উল্লিখিত সেবার কোড ও কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীদের ক্ষেত্রে কলাম (৪) এ বর্ণিত মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, টার্নওভার কর, ধার্য ও প্রদেয় হইবে, যথাঃ-

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজন কর/টার্নওভার কর আরোপের জন্য মূল্যভিত্তি
(১)	(২)	(৩)	(৪)
১০০৩	১০০৩.১০	মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ	যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রদত্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ।
	১০০৩.২০	ডকইয়ার্ড	যে কোন প্রকার যান্ত্রিক নৌযান নির্মাণ, মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান নির্মাণ, মেরামত বা সার্ভিসিং এ ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণের মূল্যসহ প্রাপ্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ।

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজন কর/টার্নওভার কর আরোপের জন্য মূল্যভিত্তি
(১)	(২)	(৩)	(৪)
S০০৪	S০০৪.০০	নির্মাণ সংস্থা	যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উল্লিখিত মূল্যের ত্রিশ শতাংশ অর্থ।
S০০৮	S০০৮.১০	ছাপাখানা	ছাপাখানা কর্তৃক ছাপার যাবতীয় উপকরণের মূল্যসহ প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ।
S০০৯	S০০৯.০০	নিলামকারী সংস্থা	নিলামে পণ্য বিক্রয়ে সহায়তা প্রদানের জন্য প্রাপ্ত চার্জ, কমিশন বা ফি এবং ইহাতে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না।
S০১০	S০১০.১০	ভূমি উন্নয়ন সংস্থা	সেবা প্রদানকারী কর্তৃক বাণিজ্যিক উদ্দেশ্যে ক্রীত ভূমির উন্নয়ন করার পর উন্নয়নকৃত ভূমি বা ভূমির অংশ বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ।
	S০১০.২০	ভবন নির্মাণ সংস্থা	ভবন নির্মাণ সংস্থা কর্তৃক বিক্রিত ফ্ল্যাট বা ইয়ারভের ক্ষেত্রে প্রাপ্ত সমুদয় অর্থের চল্লিশ শতাংশ নির্মাণ ব্যয় হিসাবে পরিগনিত হইবে এবং এই নির্মাণ ব্যয়ের তেত্রিশ শতাংশ অর্থ।
S০১৪	S০১৪.০০	ইন্ডেন্টিং সংস্থা	পণ্য বা সেবা ক্রয়ে সহায়তা বাবদ প্রদত্ত সমুদয় চার্জ, কমিশন বা ফি এবং ইহাতে পণ্যের বা সেবার মূল্য অন্তর্ভুক্ত হইবে না।
S০১৫	S০১৫.০০	ফ্রেইট ফরওয়ার্ডার্স	সংশ্লিষ্ট সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ, কমিশন, বা ফি যাহার মধ্যে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না।
S০১৬	S০১৬.০০	ট্রাভেল এজেন্সী	ভ্রমণের নিমিত্ত পরিবহন সংস্থা সমূহের টিকিট বিক্রয় বাবদ উক্তরূপ সংস্থা সমূহের নিকট হইতে ট্রাভেল এজেন্সী কর্তৃক চার্জ, কমিশন বা ফি হিসাবে প্রাপ্ত সমুদয় অর্থ।

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজন কর/টার্নওভার কর আরোপের জন্য মূল্যভিত্তি
(১)	(২)	(৩)	(৪)
So১৮	So১৮.০০	চলচ্চিত্র স্টুডিও	চলচ্চিত্র নির্মাণের জন্য শুধুমাত্র চলচ্চিত্র মুদ্রন, পরিষ্কটন, শব্দ গ্রহণ, সংযোজন ও শব্দ মুদ্রন এর জন্য প্রাপ্ত সমুদয় চার্জ বা ফি।
So২০	So২০.০০	জরিপ সংস্থা	জরিপ কার্যে নিয়োজিত যে কোন সংস্থা কর্তৃক জরিপ সংক্রান্ত সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ, কমিশন বা ফি এবং উহাতে পণ্যের মূল্য অন্তর্ভুক্ত হইবে না।
So২৬	So২৬.০০	স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী	সেবা প্রদানকারী কর্তৃক বিক্রিত স্বর্ণ, স্বর্ণালংকার, রৌপ্য বা রৌপ্যালংকার এর মোট বিক্রয় মূল্যের দশ শতাংশ অর্থ।
So২৯	So২৯.০০	চিকিৎসা প্রতিষ্ঠান	চিকিৎসা প্রতিষ্ঠানের সিট ভাড়া, অপারেশন থিয়েটার চার্জ, খাবার পরিবেশনের উপর চার্জ, ডাক্তার কর্তৃক প্রদত্ত ব্যবস্থাপত্র প্রদানের বিনিময়ে প্রাপ্ত ফি, অস্ত্রোপচারের জন্য প্রাপ্ত চার্জ ও এনেসথেসিয়া প্রদানের উপর প্রাপ্ত চার্জের সমন্বয়ে গঠিত চার্জ সমূহের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ।
So৩২	So৩২.০০	কনসালটেন্সি ফার্ম ও সুপা- রভাইজরী ফার্ম	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট চুক্তি মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে, দরপত্রে উল্লিখিত মূল্যের) পঁয়ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ।
So৩৬	So৩৬.২০	এয়ারকন্ডিশন লঞ্চ সার্ভিস	শুধুমাত্র লঞ্চের এয়ারকন্ডিশন কেবিন বা কক্ষের চার্জ বাবদ প্রাপ্ত মূল্য।
So৩৭	So৩৭.০০	যোগানদার (Procurement provider)	সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্য বা দরপত্রে উল্লিখিত মূল্যের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ।

- ৩। কর রেয়াত।- (১) বিধি ২ এ বর্ণিত সেবা সমূহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন), অতঃপর "উক্ত আইন" বলিয়া উল্লিখিত, এর ধারা ৯ অনুযায়ী কোন উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে না।
- (২) বিধি ২ এ বর্ণিত কোন সেবা প্রদানকারী উক্ত আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এ বর্ণিত সর্বমোট প্রাপ্তির ভিত্তিতে মূল্য সংযোজন কর প্রদান করিলে, উক্ত আইন ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর প্রযোজ্য বিধান ও শর্ত পূরণ সাপেক্ষে, তিনি তৎকর্তৃক প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোঃ আব্দুল কাফী]

দ্বিতীয় সচিব

মুসক নীতি নির্ধারণ ও বাজেট